দৈনিক বাংলা

তারিখ 03 JAN 1988
পৃষ্ঠা ... ১ কলাম ২ ...



# ভার্সিটি বন্ধের আদেশ প্রত্যাহারের আহবান

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদ অবিলম্বে বিশ্ববিদ্যালয় বন্ধের সরকারি আদেশ প্রত্যাহার করার জন্য জোর দাবী জানিয়েছে।

গতকাল পরিবেশ পরিষদের এক সভায় গৃহীত প্রস্তাবের এ দাবী জানান হয়। বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনে অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান। সভার প্রস্তাবে বলা হয়, যখন বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পরিপূর্ণ শান্তি বিরাজ করছিল এবং রীতিমত ক্লাস ও পরীক্ষা চলছিল ঠিক

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## আহ্বান

(১ম পৃঃ পর)

সেই সময়ে শান্তি ও নিরাপত্তা বিধানের অজুহাতে বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়া হয়। মাসাধিককাল যাবৎ বিশ্ববিদ্যালয় বন্ধ থাকার ফলে হাজার হাজার ছাত্র-ছাত্রীর যে অপূরণীয় ক্ষতি হয়েছে তার দায়িত্ব সরকারকে বহন করতে হবে। প্রস্তাবে এ প্রসঙ্গে আরও বলা হয় যে ৭৩-এর ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ অনুসারে বিশ্ববিদ্যালয় বন্ধের এখতিয়ার একমাত্র সিন্ডিকেটের; সরকার কর্তৃক বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা এ আদেশের পরিপন্থী বিধায় সভায় এ জন্য প্রতিবাদ করা হয়।

অপর এক প্রস্তাবে শিক্ষার সামগ্রিক স্বার্থে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষা কার্যক্রম অনাতাবিলম্বে চালু করার দাবী জানানো হয়। সভায় পরিষদের সদস্য ছাত্র নেতা মোস্তফা ফারুকসহ গ্রেফতারকৃত ছাত্রদের মুক্তি দাবী করা হয়। সভায় অন্যান্যের মধ্যে শিক্ষক প্রতিনিধি ম. আখতারুজ্জামান এবং ছাত্র নেতা জহিরউদ্দীন স্বপন, আসাদুজ্জামান রিপন, সুলতান মোহাম্মদ মনসুর আহমদ প্রমুখ বক্তৃতা করেন। ছাত্র নেতারা ৬ই জানুয়ারীর মধ্যে বিশ্ববিদ্যালয় খোলার ব্যবস্থা করার জন্যে কর্তৃপক্ষের প্রতি আহবান জানান।

### ভার্সিটি শিক্ষক সমিতি

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি অনতিবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলে দেয়া এবং খোলার পর ছাত্র-শিক্ষক-কর্মচারীদের নিরাপত্তা নিশ্চিত করার জন্যে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের কাছে দাবী জানিয়েছে।

গতকাল অনুষ্ঠিত সমিতির কার্যকরী পরিষদের এক সভায় এ দাবী জানানো হয়। সমিতির সভাপতি অধ্যাপক এম আমিনুল ইসলাম সভায় সভাপতিত্ব করেন।

সভায় ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ ১৯৭৩ লংঘন করে অনিয়মতান্ত্রিক পদ্ধতিতে বিশ্ববিদ্যালয় বন্ধ করে দেয়ায় নিন্দা ও ক্ষোভ প্রকাশ করা হয়।